



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২১/০২/২০১৭

## অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ববির কেন্দ্রীয় শহীদ মিনারে উপাচার্যের শুদ্ধা নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শুদ্ধা নিবেদন করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সকাল ৯ ঘটিকায় মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হওয়া র্যালী ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে ববির কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়। র্যালীতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রিটায়ার্ড চীফ আর্কিটেক্ট আবদুস ছালাম, রেজিস্ট্রার, প্রস্ট্র, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দণ্ডর প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, সেক্টরস কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২০টি বিভাগ, ৩০ ও ৪ৰ্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের নেতৃবৃন্দ পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। পুষ্পস্তবক অর্পণ শেষে উপাচার্য মহোদয় বাংলা ও ইংরেজি বিভাগ কর্তৃক প্রকাশিত সাময়িকীর মোড়ক উন্মোচন করেন। একই সাথে সমকাল সুহৃদ সমাবেশ ববি শাখা কর্তৃক প্রকাশিত দেয়ালিকারও মোড়ক উন্মোচন করেন উপাচার্য মহোদয়। এরপর দিবসটির তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ববি শিক্ষক সমিতির সভাপতি মো. আবদুল কাইয়ুমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় উপাচার্য মহোদয়সহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বঙ্গরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রামি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)